


আপনার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুর জন্য প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র বা সুবর্ণ নাগরিক কার্ডের আবেদন করার প্রক্রিয়া

ধাপ ১: প্রথমেই dis.gov.bd -ওয়েবসাইটে যান। “আবেদন করুন” বাটনে ক্লিক করুন।



The screenshot shows the homepage of the Department of Social Services (DSS) website. The browser address bar displays 'dis.gov.bd'. The navigation menu includes 'আইন ও বিধিমালা', 'প্রতিবন্ধী বিষয়ক কার্যক্রম', 'প্রয়োজনীয় ফরম', 'যোগাযোগ', 'আবেদন করুন', 'লগইন', and 'English'. The 'আবেদন করুন' button is highlighted with a red circle and a red arrow. Below the navigation menu, there is a banner image of four people sitting on a stage. The text on the banner reads: 'তা নয় কোন পাপ, নয় অভিযোগ ভ্রান্ত ধারণা যত যাক মুছে যাক'. Below the banner, there is a white box containing the text: 'প্রতিবন্ধিতা তথ্য সিস্টেমে আপনাকে স্বাগতম।'

ধাপ ২: একটি নির্দেশনা প্রস্পট আসবে। নির্দেশনাগুলো ভালো করে পড়ুন এবং নিচে “অবগত হলাম” লেখার বাম পাশের খালি বক্সে ক্লিক করে “হ্যাঁ” লেখা বাটনে ক্লিক করুন।

প্রতিবন্ধিতার পরিচয় পত্র (আইডি কার্ড) প্রাপ্তির ক্ষেত্রে অনলাইনে আবেদনের নির্দেশনা

প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচিতে অনলাইনে আবেদনের জন্য আপনাকে স্বাগতম

প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও সার্বিক কল্যাণের লক্ষ্যে ‘প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩’ প্রণয়ন করা হয়েছে। উক্ত আইনের ৩১(১) ধারায় প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয় পত্র প্রদানের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে, প্রতিবন্ধিতার ধরন চিহ্নিতকরণ, মাত্রা নিরূপণ ও কারণ নির্দিষ্টপূর্বক প্রতিবন্ধী জনগোষ্ঠীর সঠিক পরিসংখ্যান নির্ণয়ের নিমিত্ত ২০১৩ সাল হতে শুরু করে নিয়মিত জরিপ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য ওয়েববেইজড এ্যাপ্লিকেশনসহ Disability Information System (www.dis.gov.bd) ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে যা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

প্রতিবন্ধিতার পরিচয় পত্র (আইডি কার্ড) প্রাপ্তির জন্য অনলাইনে আবেদনের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:


১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. শুধুমাত্র প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তির পক্ষে তার অভিভাবক অথবা কোন সংস্থা এই সাইট ব্যবহার করবেন।
৩. আবেদনকারীর জন্মনিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্র থাকতে হবে।
৪. আবেদন ফরম এর মধ্যে আবেদনকারীর স্বাক্ষর এর জায়গায় স্বাক্ষর স্ক্যান করে বসাতে হবে।
৫. ভেলিড মোবাইল নম্বর এবং ই-মেইল এড্রেস থাকতে হবে।
৬. অনলাইন আবেদন ফরমটি আবেদনকারীর বর্তমান ঠিকানায় সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়ে দাখিল হবে।
৭. সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত সময় অনুযায়ী ডাক্তারী পরীক্ষার জন্য হাজির হতে হবে।
৮. ডাক্তারী পরীক্ষার জন্য হাজির হবার সময় অনলাইন আবেদন ফরম সাবমিটের প্রেক্ষিতে প্রাপ্ত প্রিন্টেড কপি সাথে আনতে হবে।
৯. সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় হতে এসএমএস পাওয়ার পর পরিচয় পত্র (আইডি কার্ড) সংগ্রহ করতে হবে।

অবগত হলাম


ধাপ ৩: শিশুর জন্ম নিবন্ধনে দেয়া তথ্যের সাথে মিল রেখে তথ্য দিয়ে ফরম পূরন করুন। ইংরেজি ও বাংলা উভয় ভাষাতেই তথ্য দিতে হবে।

ধাপ ৪: ফরমের পরবর্তী পৃষ্ঠাগুলোতে শিশুর সামাজিক পূর্নবাসন, পেশা ও আয়, এবং প্রতিবন্ধিতা বিষয়ক সেকশনে সঠিক তথ্য দিয়ে ফরম পূরণ করুন।

ধাপ ৫: আপনার স্বাক্ষর স্ক্যান করে তা আপলোড করুন। ফরম দাখিল করুন।



ধাপ ৬: অনলাইনে ফরম জমাদানের পর প্রাপ্তি স্বীকার ও একটি ফরম নাম্বার পাবেন। নিচে “অনুলিপি ডাউনলোড করুন” লেখা বাটনে ক্লিক করে পূরন করা ফরমটি ডাউনলোড করতে পারবেন।



ধাপ ৭: ফরম সাবমিটের অনুলিপি প্রিন্ট করে তা সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ে জমা দেবেন। সেই সাথে নিচের ডকুমেন্টগুলো দরকার হবে-

- প্রতিবন্ধী সনদের জন্য সিভিল সার্জনের বরাবর আবেদনপত্র
- চেয়ারম্যান/ কাউন্সিলরের কাছ থেকে নাগরিকত্ব সনদের মূল কপি
- ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
- শিশুর জন্ম নিবন্ধনপত্রের কপি

ধাপ ৮: সমাজসেবা কার্যালয় আপনার আবেদন পেয়ে ডাক্তারী পরীক্ষার জন্য একটি সময় নির্ধারণ করে দেবে, সেই সময়ে আবেদন ফরমের অনুলিপির প্রিন্টেড কপি নিয়ে শিশুর ডাক্তারী পরীক্ষা করাতে যেতে হবে।

ধাপ ৯: পরবর্তিতে পরিচয়পত্র প্রস্তুত হয়ে গেলে আপনার মোবাইলে এসএমএসের মাধ্যমে জানানো হবে। তখন সমাজসেবা কার্যালয়ে গিয়ে পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।

জনস্বার্থে: সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)

